গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

www.khdc.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি মন্ত্রণালয়, সম্প্রসারণ-১ শাখার পত্র নং ১২.০০.০০০০.০৫২.১১.০৩৮.১৬-৩৩৯ তারিখঃ ৩১মার্চ-২০১৯খ্রি. এবং মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা অফিস স্মারক নং ২০৮৭(১৮) তারিখঃ ০৭.০৪.২০১৯খ্রি. এর আলোকে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাগড়াছড়ি এর আওতাধীন নিম্নবর্ণিত বিদ্যমান শূণ্য পদ সমূহে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছেঃ

ক্র.নং	পদের মান ও গ্রেড	পদের সংখ্যা	বেতন স্কেল	প্রয়োজনীয় যোগ্যতা
১	স্টোর কিপার (গ্রেড-১৪)	০৫ (পাঁচ)	১০২০০-২৪৬৮০/-	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি।
২	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)	১৬ (ষোল)	৯৩০০-২২৪৯০/-	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ থাকিতে হইবে। (ক) বাংলা প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। (খ) ইংরেজীতে প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।
৩	ড্রাইভার (গ্রেড-১৬)	০৩ (তিন)	৯৩০০-২২৪৯০/-	স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান হইতে নূন্যতম অষ্টম শ্রেনী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত বৈধ হালকা ও ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্স থাকিতে হইবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৪	স্প্রেয়ার মেকানিক (গ্রেড-১৮)	০৪ (চার)	৮৮০০-২১৩১০/-	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট থাকতে হবে।
৫	কুক (গ্রেড-২০)	০৫ (পাঁচ)	৮২৫০-২০০১০/-	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ রান্না কাজে অনুন্য ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে এবং (খ) সুঠাম স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।
৬	অফিস সহায়ক (গ্রেড-২০)	০৭ (সাত)	৮২৫০-২০০১০/-	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা।
৭	নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০)	২৬ (ছাব্বিশ)	৮২৫০-২০০১০/-	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা।
৮	পরিচ্ছন্নতা কর্মী (গ্রেড-২০)	০৮ (আট)	৮২৫০-২০০১০/-	কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।
৯	ফার্মলেবার (গ্রেড-২০)	৪০ (চল্লিশ)	৮২৫০-২০০১০/-	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।

অঃপৃঃদ্রঃ(২)

০১। আবেদনকারীকে চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর বরাবর দরখাস্তের নমুনা ছক মোতাবেক পূর্ণ নাম ও স্বাক্ষরসহ পূরণকৃত ছকের আবেদন পত্র ও প্রয়োজনীয় বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত পূর্বক আগামী **২৪ অক্টোবর,২০১৯** খ্রিঃ তারিখ রোজ **বৃহস্পতিবার** অফিস চলাকালীন সময় বিকাল ৫.০০ঘটিকার মধ্যে **উপ-পরিচালক,কৃষি সম্প্রসারণ বিভাগ,খাগড়াছড়ি এর কার্যালয়ে** ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে সরাসরি বা ডাকযোগে প্রেরিত কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

০২। **আবেদন পত্রের নমুনা ছক A4 সাইজের অফসেট কাগজে টাইপ করে তথ্যাবলী পূরণ পূর্বক দরখাস্ত করতে হবে। আবেদন পত্রের ছক ও প্রবেশ পত্রের নমুনা ছক** পার্বত্য জেলা পরিষদ খাগড়াছড়ি কার্যালয় এবং উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাগড়াছড়ি এর অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে। তাছাড়া খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ওয়েব সাইটে (www.khdc.gov.bd) পাওয়া যাবে।

০৩। **প্রার্থীর বয়স ২৪ অক্টোবর,২০১৯** খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর। তবে **১৬/০১/১৯৮৫ইং তারিখের এসই/আরআই/এস-১৩/৮৪(পার্ট-১)-২০(৭৫) নং স্মারক মোতাবেক খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের ক্ষেত্রে প্রযোজ্য বয়সসীমা ১০ বৎসর এবং শ্রম সাধ্য কর্মের ক্ষেত্রে ০৫(পাঁচ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য । বয়সের ক্ষেত্রে** কোন এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

০৪। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি ১ম শ্রেণীর গেজেটেড **কর্মকর্তা** কর্তৃক (কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী, সীল ও স্বাক্ষর থাকতে হবে) সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
খ) শিক্ষাগত যোগ্যতার বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মূল/সাময়িক সনদ।
গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।
ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র (মূলকপি)।
গ) খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থনে জেলা প্রশাসক অথবা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদ।
চ) জন্ম নিবন্ধন সনদ।
ছ) জাতীয় পরিচয়পত্র।
জ) আবেদন পত্রের সাথে ১(এক) কপি এবং প্রবেশ পত্রের সাথে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি আঠা/গাম দিয়ে লাগাতে হবে।
ঝ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা,পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সনদ (সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে)। পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রদত্ত মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক সনদ।
ঞ) এতিমখানা নিবাসী, শারীরিক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের উপর্যুক্ত কর্তৃপক্ষের নিকট হতে প্রদত্ত সনদ।
ট) আবেদন পত্রের সাথে প্রেরিত কোন কাগজপত্রাদি ফেরত প্রদান করা হবে না।
ঠ) আবেদন পত্রের সাথে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১ হতে ৩ ক্রমিকের প্রার্থীর ক্ষেত্রে ৪০০/=(চারশত) টাকা এবং ক্রমিক নং ৪ হতে ৯ ক্রমিকের প্রার্থীর ক্ষেত্রে ৩০০/= (তিনশত) টাকা (অফেরতযোগ্য) চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর নামীয় সোনালী ব্যাংক,খাগড়াছড়ি শাখার চলতি হিসাব নং ৫৪১২২০০০২৫২২৬ এ জমা দিয়ে জমা স্লিপের মূলকপি সংযুক্ত করতে হবে।

০৫। **চাকুরীরত প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌঁছাতে হবে। আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।**

০৬। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭। আবেদন পত্রে কোন অসত্য তথ্য পরিবেশন করলে এবং দাখিলকৃত কাগজপত্রাদি ভ্রান্ত বলে প্রতিয়মান হলে নিয়োগের যে কোন পর্যায়ে আবেদন পত্র/নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। প্রাপ্ত আবেদন পত্র বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হবে।

অঃপৃঃদ্রঃ(৩)

০৯। প্রবেশ পত্রের মাধ্যমে লিখিত পরীক্ষার এবং নোটিশ বোর্ড ও স্থানীয় পত্রিকার মাধ্যমে মৌখিক পরীক্ষার স্থান তারিখ ও সময় জানানো হবে। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় আবেদন পত্রের সাথে সংযুক্ত সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ বা প্রার্থিত পদে নিয়োগ প্রদানে বাধ্য নহেন।

১১। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী বিধি-বিধান, নীতিমালা অনুসরণ করা হবে। উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র/কন্যা পাওয়া না গেলে পুত্র/কন্যার পুত্র/কন্যা নিয়োগ করা হবে। একই সাথে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ আইন, চাকুরী প্রবিধান মোতাবেক খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক নির্ধারিত সম্প্রদায়ভিত্তিক কোটা অনুসরণ করা হবে।

১২। আবেদন পত্র গ্রহণ ও বাতিল এবং নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার/নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রদর্শিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। আবেদনকারীকে আবেদনপত্রের খামের উপরিভাগে লাল কালিতে আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে আবেদনকারীর পুরো নাম ও ঠিকানা লিখতে হবে। এছাড়া কোন কোটা দাবী করা হলে (মুক্তিযোদ্ধা/এতিমখানা নিবাসী/আনসার-ভিডিপি/প্রতিবন্ধী) খামের ডান পার্শ্বে উপরিভাগে উল্লেখ করতে হবে।

১৪। নিয়োগের ক্ষেত্রে কোন ধরণের তদবির ও সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

(কংজরী চৌধুরী) ১৭/০৯/১৯
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

নং ২৯.২৩৬.০১৮.৩৩.০০.০৪২.২০১৯- ২৪৫০ **তারিখঃ ১৭ সেপ্টেম্বর,২০১৯ খ্রি.**

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতাক্রমানুসারে নহে)

০১. জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা,এমপি(প্রতিমন্ত্রী পদমর্যাদা),শরনার্থী/উদ্বাস্তু বিষয়ক টাস্কফোর্স,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০২. মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
০৩. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান।
০৪. সচিব, কৃষি মন্ত্রণালয়/ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী,ফার্মগেট,ঢাকা।
০৬. রিজিয়ন কমান্ডার,খাগড়াছড়ি/গুইমারা রিজিয়ন।
০৭. অতিরিক্ত পরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পার্বত্য চট্টগ্রাম অঞ্চল,রাংগামাটি।
০৮. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৯. মূখ্য নির্বাহী কর্মকর্তা,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০. পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১. উপপরিচালক,কৃষি সম্প্রসারণ বিভাগ,খাগড়াছড়ি।
১২. উপপরিচালক/উদ্যান তত্ত্ববিদ...হর্টিকালচার সেন্টার,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৩. সম্পাদক/জেলা প্রতিনিধি দৈনিক জনকণ্ঠ,ঢাকা/দৈনিক সুপ্রভাত বাংলাদেশ,চট্টগ্রাম/দৈনিক অরণ্যবার্তা, খাগড়াছড়ি- আগামী ০৩ (তিন) দিনের মধ্যে বিজ্ঞপ্তিটি পত্রিকায় একটি সংখ্যায় ছাপিয়ে যথারীতি বিল প্রেরণ করতে বলা হলো।
১৪. আইটি অফিসার, পার্বত্য জেরা পরিষদ, খাগড়াছড়ি-কে বিজ্ঞপ্তিটি (চাকরির আবেদন ফরম ও প্রবেশপত্র ফরম) এ পরিরষদের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৫. অফিস কপি/নোটিশ বোর্ড, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ পরিষদ।

চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ খাগড়াছড়ি।